সংবাদ বিবৃতি

ভিয়েতনাম ফেরত ৮১ অভিবাসীকে কারাগারে পাঠানোর ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)'র তীব্র নিন্দা এবং হয়রানি বন্ধ করে অবিলম্বে তাদের মুক্তি প্রদানের দাবি

[০২ সেপ্টম্বর ২০২০] ভিয়েতনাম ফেরত ৮১ অভিবাসীকে কারাগারে পাঠিয়েছেন আদালত। গত ০১ সেপ্টেম্বর ২০২০ ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জনাব সত্যব্রত শিকদার কাতার ফেরত আরও দুই জনসহ মোট ৮৩ জনকে কারাগারে পাঠানোর আদেশ দেন। তাদের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে, তারা ভিয়েতনামে নানা অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়েছিলেন যার ফলে আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের 'ভাবমূর্তি ক্ষুণ্ণ' হয়েছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) মহামান্য উচ্চ আদালতের ৫৪ ধারা সম্পর্কিত নির্দেশনা অনুসরণ না করে অভিবাসীদের এভাবে কারাগারে প্রেরণের ঘটনায় ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করছে। এ অভিবাসীরা যেসব অভিযোগ করেছেন সেগুলোর সুষ্ঠু তদন্ত নিশ্চিত না করে বরং তাদেরকে গ্রেপ্তার করা এবং জেলে পাঠানো কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। এইচআরএফবি অতি দ্রুত এ অভিবাসীদের হয়রানি বন্ধ করে তারা যে অভিযোগসমূহ তুলেছেন সেগুলো যথাযথভাবে খতিয়ে দেখে রিক্রুটিং এজেন্সীগুলোর বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নেয়ার জোর দাবি জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা যায়, মধ্য জুলাইয়ে প্রতারণার শিকার অভিবাসী শ্রমিকেরা দেশে ফেরার দাবি নিয়ে ভিয়েতনাম দূতাবাসের সামনে অবস্থান নিয়েছিলেন। শুরু থেকেই তাদের বিরুদ্ধে সরকারের অভিযোগ, এই শ্রমিকেরা ভিয়েতনামে বাংলাদেশ দূতাবাস দখল করতে গেছেন। তারা 'দেশের ভাবমূর্তি নষ্ট করেছেন'। এরপর শ্রমিকেরা দেশে ফিরলে দুই সপ্তাহের কোয়ারেন্টিনে উত্তরার দিয়াবাড়িতে রাখা হয়। কোয়ারেন্টিন শেষে এসব অভিযোগে গত ০১ সেপ্টেম্বর মঙ্গলবার সকালে উত্তরার দিয়াবাড়ির কোয়ারেন্টিন সেন্টার থেকে প্রিজন ভ্যানে করে ৮১ জন অভিবাসী শ্রমিককে গ্রেপ্তার দেখিয়ে আদালতে উপস্থাপন না করে সরাসরি কারাগারে প্রেরণ করা হয়। তাদের বিরুদ্ধে তুরাগ থানার পুলিশ 'গ্রুপভিত্তিকভাবে সরকার ও রাষ্ট্রবিরোধী কর্মসূচি পালন'সহ বিভিন্ন ধরনের ধ্বংসাত্মক কর্মকাণ্ড ঘটাতে সলাপরামর্শ করার অভিযোগ এনেছে। অথচ গ্রেপ্তারকৃত ব্যক্তিদের পরিবারের সদস্যরা দাবি করেছেন, ভিয়েতনামে এসব অভিবাসীরা কোনো অন্যায় কাজে যুক্ত ছিলেন না এবং কখনো গ্রেপ্তার হননি।

গণমাধ্যমসূত্রে আরো জানা গেছে, ভিয়েতনাম ফেরত প্রবাসী বাংলাদেশিরা অভিযোগ করেছেন ভিয়েতনামে বাংলাদেশি একটি দালাল চক্র গড়ে উঠেছে, যাদের সঙ্গে দূতাবাসেরও ভালো সম্পর্ক আছে। এই দালালেরা অভিবাসীদের বিভিন্ন ক্যাম্পে আটকে রেখে নির্যাতন করে। কম টাকায় দুর্গম এলাকায় দীর্ঘ সময় ধরে অমানবিক কাজ করতে বাধ্য করে। এইচআরএফবি অত্যন্ত দুঃখের সাথে লক্ষ করছে, যে অভিবাসীরা প্রতারণার শিকার হয়েছেন এবং তারা যে অভিযোগসমূহ তুলেছেন, সেগুলোর তদন্ত না করে বরং তাদেরকে ৫৪ ধারায় সন্দেহভাজন আসামি হিসেবে গ্রেপ্তার দেখিয়ে সরাসরি কারাগারে প্রেরণ করা হয়েছে। রিক্রুটিং এজেন্সী ও তাদের সহযোগীদের দায়মুক্তি প্রদানের জন্য ভিয়েতনাম ফেরত অভিবাসীদের গ্রেপ্তার করা হয়েছে কিনা সে প্রশ্ন তুলছে ফোরাম। কেননা ফোরাম

Secretariat:
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187 | Email: ask@citechco.net web: www.askbd.org
Experts:
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
Forum Members:
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).

মনে করে, দূতাবাসের সামনে গিয়ে প্রতিবাদ করা কোনো অপরাধ নয় বরং তাদের নিজেদের সাথে ঘটা অন্যায়-অবিচার তুলে ধরার, তদন্ত ও বিচার চেয়ে সমাবেশ করার অধিকার রয়েছে। তাছাড়া ফোরাম মনে করে, জাতীয় আইন ও মহামান্য উচ্চ আদালতের নির্দেশনা অমান্য করে অভিবাসীদের প্রতি এ আচরণ বরং বর্হিবিশ্বে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন করছে। বাংলাদেশের অর্থনীতিতে এসব অভিবাসীদের কষ্টার্জিত অর্থের অবদান স্মরণ করিয়ে দিয়ে ফোরাম অনতিবিলম্বে এ অভিবাসীদের মুক্তিপ্রদানের দাবি জানাচ্ছে এবং তাদের যথাযথ পুনর্বাসন নিশ্চিত করার আহবান জনাচ্ছে।

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)'র পক্ষ থেকে

তামান্না হক রীতি
সমন্বয়ক, এইচআরএফবি

Secretariat:
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187 | Email: ask@citechco.net web: www.askbd.org
Experts:
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
Forum Members:
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).